**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# নিম্ন-আয়ের পরিবারগুলোর জন্য বিদ্যুৎ ও গ্যাস ইউটিলিটি বিল ক্রেডিট প্রদান শুরু হচ্ছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***নিম্ন-আয়ের গ্রাহকদেরকে অতীতের বকেয়া ইউটিলিটি বিল পরিশোধ করতে সাহায্য করার জন্য 567 মিলিয়ন ডলার লভ্য রয়েছে***

***327,000-র বেশি নিম্ন আয়ের নিউ ইয়র্ক গৃহস্থালি সরাসরি উপকৃত হবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিম্ন-আয়ের বিদ্যুৎ ও গ্যাস ইউটিলিটি গ্রাহকদের অতীতের বকেয়া ইউটিলিটি বিল পরিশোধে সাহায্য করার জন্য বরাদ্দকৃত 567 মিলিয়ন ডলারের বেশিরভাগ অংশ গ্রাহকদের আগস্ট মাসের বিলের সাথে সমন্বয় করা হবে। এই আর্থিক সহায়তা কর্মসূচির মধ্যে নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশন (Public Service Commission) কর্তৃক দায়িত্ব গ্রহণকৃত নিম্ন-আয়ের গ্রাহকদের জন্য প্রায় 557 মিলিয়ন ডলারের স্টেটব্যাপী কোভিড-19 বিল ক্রেডিট কর্মসূচি অন্তর্ভুক্ত রয়েছে। এই বিল ক্রেডিট কর্মসূচির আওতায়, 1 মে, 2022 তারিখ পর্যন্ত জমা হওয়া অপরিশোধকৃত ইউটিলিটি বিল মিটিয়ে দেওয়ার জন্য ইউটিলিটিগুলোর তরফ থেকে জ্বালানি ক্রয়ক্ষমতা কর্মসূচিতে (Energy Affordability Program) তালিকাভুক্ত গ্রাহকদেরকে একটি এককালীন ক্রেডিট প্রদান আবশ্যক করতে PSC 2023 অর্থবছরের প্রণীত স্টেট বাজেট থেকে 250 মিলিয়ন ডলার কাজে লাগিয়েছে। এছাড়াও কর্মসূচিটি EAP-তে 31 ডিসেম্বর, 2022 তারিখের আগে অন্তর্ভুক্ত হওয়া উপযুক্ত নিম্ন আয়ের সকল গ্রাহকের জন্যও একই ত্রাণের অনুমোদন প্রদান করেছে।

"আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে স্টেটের ইতিহাসে নিম্ন-আয়ের লোকজনের জন্য বৃহত্তম ইউটিলিটি আর্থিক সহায়তা কর্মসূচি 1 আগস্ট, সোমবার থেকে শুরু হতে যাচ্ছে - যা নিউ ইয়র্কবাসীদের ইউটিলিটি পরিষেবাগুলো বজায় রাখতে সাহায্য করার জন্য স্টেটের চলমান প্রচেষ্টাকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে একটি বৃহৎ পদক্ষেপ," **বলেছেন গভর্নর হোকল।** "মহামারীর ফলে দেখা দেওয়া আর্থিক সমস্যার কারণে কোনো নিউ ইয়র্কবাসীরই আলো ও এয়ার কন্ডিশনার বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিতে বাধ্য হওয়া উচিত নয়। বকেয়া ইউটিলিটি বিলের বোঝা কমিয়ে আনার জন্য 250 মিলিয়ন ডলার বরাদ্দ করার ক্ষেত্রে তাদের অংশীদারিত্বের জন্য আমি স্টেট আইনসভার প্রশংসা করি, যা ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকা নিউ ইয়র্কবাসীদেরকে তাদের ইউটিলিটি পরিষেবাগুলো বজায় রাখতে সাহায্য করার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, বিশেষ করে গ্রীষ্মের এই গরম মাসগুলোতে।"

গভর্নর হোকলের নির্দেশনা অনুযায়ী, জনসেবা বিভাগ (Department of Public Service), PSC-এর কর্মী বাহিনী গ্রাহকদের অ্যাকাউন্টে ক্রেডিট পৌঁছে দেওয়ার জন্য স্টেটের বৃহৎ ইউটিলিটিগুলোর সঙ্গে কাজ করেছে। কোভিড-19 মহামারী নিউ ইয়র্কবাসীদের জন্য উল্লেখযোগ্য আর্থিক দুর্ভোগ নিয়ে এসেছে, বিশেষ করে নিম্ন-আয়ের ভোক্তাদের জন্য। 2020 সালের মার্চ মাস থেকে, 60 দিনেরও বেশি সময় ধরে নিজেদের বিদ্যুৎ ও গ্যাস ইউটিলিটি পেমেন্ট (অর্থাৎ বকেয়া বিল) পরিশোধ করার ক্ষেত্রে পিছিয়ে পড়া গ্রাহকের সংখ্যা এবং বকেয়া বিলের মোট পরিমাণ নজিরবিহীন মাত্রায় বৃদ্ধি পেয়েছে। 1 আগস্ট, 2022 তারিখ থেকে গ্রাহকদের অ্যাকাউন্টে নিম্ন-আয়ের গ্রাহকদের ক্রেডিট প্রদান শুরু হবে বলে প্রত্যাশা করা হচ্ছে এবং গ্রাহকরা তাদের পরবর্তী বিলিং সাইকেলে এই ক্রেডিট দেখতে পাওয়ার আশা করতে পারেন। বড় বড় বিদ্যুৎ ও গ্যাস কোম্পানিগুলোর বেশিরভাগ নিম্ন-আয়ের গ্রাহক তাদের আগস্ট মাসের বিলে এই ক্রেডিট পেয়ে যাবেন।

কোভিড-19 মহামারীটি নিম্ন আয়ের গ্রাহকদের জন্য উল্লেখযোগ্য আর্থিক কাঠিন্যের সৃষ্টি করেছে এবং এর ফলে অনেক ব্যবসা বন্ধ হয়ে গেছে ও অনেকে চাকরি হারিয়েছে। 2020 সালের মার্চে মহামারীর শুরুর সময় থেকে অপরিশোধিত ইউটিলিটি বিলসহ গ্রাহকের সংখ্যা এবং মোট অপরিশোধিত ইউটিলিটি বিলের মার্কিন ডলার পরিমাণ উভয়ই উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি পেয়েছে, এবং এই বিল ক্রেডিট কর্মসূচিটি সর্বাধিক দুঃস্থ আবাসিক গ্রাহকদের আর্থিক ত্রাণ প্রদান করে যাতে বিল পরিশোধ না করার জন্য তাদের ইউটিলিটি পরিষেবা বন্ধ করে দেওয়া ঠেকানো যায়। 327,000-র বেশি নিম্ন আয়ের নিউ ইয়র্ক গৃহস্থালি এই কর্মসূচি দ্বারা সরাসরি উপকৃত হবে।

বিল পরিশোধকারীদের সর্বোচ্চ সুবিধা প্রদান এবং ডুপ্লিকেট বিল প্রদান এড়ানো নিশ্চিত করতে এই বিল ক্রেডিট কর্মসূচির আওতায়, ইউটিলিটি বিল সহায়তার জন্য লভ্য সব স্টেট সহায়তা সমন্বয় করা হবে। এর মধ্যে অপরিশোধকৃত ইউটিলিটি বিল কমিয়ে আনতে স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) জরুরি ভাড়াটিয়া সহায়তা কর্মসূচির (Emergency Rental Assistance Program) তরফ থেকে নিম্ন-আয়ের গ্রাহকদের জন্য লভ্য আনুমানিক 100 মিলিয়ন ডলারের ত্রাণ, এবং সেইসাথে নিম্ন-আয়ের পরিবারগুলোর জন্য মহামারীর ফলে অপরিশোধিত ইউটিলিটি বিল মিটিয়ে দিতে ইউটিলিটিগুলোর জন্য নিউ ইয়র্ক স্টেট বাজেট থেকে বরাদ্দকৃত 250 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে। ইউটিলিটি শেয়ার হোল্ডাররা বিল পরিশোধকারীদের সুবিধা দেওয়ার জন্য 36 মিলিয়ন ডলারেরও বেশি দান করেছেন। বাজেট থেকে বরাদ্দকৃত অংশ, গ্রাহকদের ক্রেডিট এবং কর্মসূচির ব্যয় কমিয়ে আনা শেয়ার হোল্ডারদের অনুদান প্রদান করার পরে এই বিল ক্রেডিট কর্মসূচি ইউটিলিটি বিল পরিশোধকারীদের ব্যয় প্রায় 181 মিলিয়ন ডলারে নামিয়ে আনবে।

এই এককালীন, নিম্ন আয়ের ইউটিলিটি বিল ক্রেডিটের জন্য, যা ইউটিলিটিগুলি ক্ষতিগ্রস্ত গ্রাহকদের বিলে প্রয়োগ করবে, EAP-তে অন্তর্ভুক্ত বিদ্যমান নিম্ন আয়ের গ্রাহকদের এই সুবিধা পেতে কোনও কিছু করতে হবে না। PSEG লং আইল্যান্ড (PSEG Long Island) এবং মিউনিসিপ্যাল ইউটিলিটিগুলিকে বাজেটে প্রদত্ত 250 মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে 10.4 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হয়েছে যা নিম্ন আয়ের গ্রাহকদের বিল ক্রেডিট কর্মসূচির

জন্য ব্যবহৃত হবে। PSC ধারণা করছে যে ভোক্তা গোষ্ঠী এবং স্টেকহোল্ডাররা কোভিড-19 মহামারীর ফলে উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি পাওয়া অকোভিড-19বশিষ্ট আবাসিক ও আবাসিক নয় এমন গ্রাহকদের অপরিশোধিত ইলেকট্রিক ও গ্যাস ইউটিলিটি বিল নিয়ে একটি ভবিষ্যৎ প্রস্তাবনা আসবে।

অপরিশোধকৃত বিদ্যুৎ ও গ্যাস ইউটিলিটি বিল কমিয়ে আনার জন্য সামগ্রিক কাজের অংশ হিসেবে, গভর্নর হোকল EAP কর্মসূচিতে আরো বেশি সংখ্যক নিম্ন-আয়ের পরিবারকে তালিকাভুক্ত করার জন্য চিহ্নিত করতে সম্প্রতি OTDA এবং বৃহৎ ইউটিলিটিগুলোর মধ্যে একটি নতুন উদ্যোগ চালু করেছেন, যা ইউটিলিটি বিলের উপর ছাড় প্রদান করছে যা অংশগ্রহণকারী পরিবারগুলোর জন্য প্রতি বছর ইউটিলিটি বিল বাবদ কয়েকশ ডলার সাশ্রয় করবে।

31 ডিসেম্বর, 2022 তারিখের আগে EAP-তে তালিকাভুক্ত হওয়া যেকোনো নিম্ন-আয়ের নতুন যোগ্য গ্রাহক এই বিল ক্রেডিট কর্মসূচিতে অন্তর্ভুক্ত হবেন।

**পাবলিক সার্ভিস কমিশনের সভাপতি রোরি এম. ক্রিস্টিয়ান বলেন,** "গভর্নর হোকল ভোক্তাদের সাহায্য করার জন্য তার সিদ্ধান্তে অবিচল থেকেছেন। এই ক্রমবর্ধমান সমস্যা মোকাবেলায়, ভোক্তাদের জ্বালানি ব্যয়ের বোঝা কমিয়ে আনা এবং নিম্ন-আয়ের গ্রাহকদের প্রয়োজন পূরণের জন্য PSC ইউটিলিটি জ্বালানি ক্রয়ক্ষমতা কর্মসূচিসমূহ শক্তিশালী ও উন্নত করার পদক্ষেপসমূহ অনুমোদন করেছে।"

**অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন,** "মহামারীর অর্থনৈতিক প্রভাবের ফলে তৈরি হওয়া দুর্ভোগ মোকাবেলায় সংগ্রামে লিপ্ত পরিবারগুলোকে তাদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করাকে গভর্নর হোকল একটি অগ্রাধিকার হিসেবে গ্রহণ করেছেন। আমাদের হাজার হাজার সঙ্গী নিউ ইয়র্কবাসীদের বকেয়া ইউটিলিটি বিল পরিশোধ করতে সাহায্য করা এবং জ্বালানি ক্রয়ক্ষমতা কর্মসূচির মাধ্যমে সামনের সময়গুলোতে আরো বেশি সংখ্যক নিম্ন-আয়ের পরিবারের ছাড়ের অ্যাক্সেস পাওয়া নিশ্চিত করার এই প্রচেষ্টায় অংশীদার হতে পেরে আমরা গর্বিত।"

**স্টেট সিনেটর রোক্সেন পারসুয়েড বলেন,** "জ্বালানি বিলের বোঝা বহনকারী নিউ ইয়র্কের বহু ইউটিলিটি বিল পরিশোধকারী তাদের ইউটিলিটি অ্যাকাউন্টে এই বহুল-প্রতীক্ষিত সহায়তা দেখতে পেয়ে স্বস্তির নিঃশ্বাস ফেলবেন। আমি আনন্দিত যে এবছরে বাজেটে আমাদের অন্তর্ভুক্ত করা 250 মিলিয়ন ডলারের বরাদ্দ ইউটিলিটি সংযোগ বন্ধ হয়ে যাওয়া এবং বিল পরিশোধের বোঝার সম্মুখীন হওয়া ভোক্তাদের বাড়তি ত্রাণ প্রদান করতে সক্ষম হয়েছে।"

**অ্যাসেম্বলি সদস্য লিন্ডা রোজেন্থাল বলেন,** "কোভিড-19 মহামারী চলাকালীন সময়ে কর্মসংস্থান হারানোর পরে ক্রমবর্ধমান মূদ্রাস্ফীতি নিউ ইয়র্ক স্টেট জুড়ে বহু পরিবারকে আর্থিক চাপের সম্মুখীন করে তুলেছে। এবছরের বাজেট প্রণয়নের সময়, আমরা এসব পরিবারকে বকেয়া ইউটিলিটি বিল পরিশোধ করতে এবং নিজের পায়ে উঠে দাঁড়াতে সাহায্য করার জন্য কয়েকশ মিলিয়ন ডলার বরাদ্দ প্রদানের বিষয়টিকে অগ্রাধিকার দিয়েছি। শীঘ্রই এসব অর্থ যথাস্থানে পৌঁছে যাবে এবং আমি আনন্দিত যে আগামী সপ্তাহগুলোতে পরিবারগুলো অবশেষে

কিছুটা স্বস্তি বোধ করতে শুরু করবে। এই কর্মসূচির মধ্য দিয়ে, 327,000 এরও বেশি নিম্ন-আয়ের পরিবার তাদের বকেয়া ইউটিলিটি বিল কমে যেতে বা দূর হয়ে যেতে দেখবেন, যা তাদের উপর থেকে একটি বৃহৎ আর্থিক বোঝা অপসারণ করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন